

পদক্ষেপকে জবস'র ইডিবিএম টিওটি প্রশিক্ষণ সহায়তা

অর্থ-বাণিজ্য ডেস্ক

ইউএসএআইডি'র অর্থায়নে এবং যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড ইউনিভার্সিটির আইরিস সেন্টারের তত্ত্বাবধানে পরিচালিত জব অপরচুনিটিস এ্যান্ড বিজনেস সাপোর্ট (জবস) প্রজেক্ট সম্প্রতি পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রের ১৫ জন প্রশিক্ষণার্থীকে ৮ দিনব্যাপী উদ্যোক্তা-উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা (ইডিবিএম) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে। প্রান্তিক উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনা ও উন্নয়নের প্রয়োজনীয়তা বিবেচনা করে এই প্রশিক্ষণ প্রদান করা হয়। পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রের নিরক্ষর, স্বল্প শিক্ষিত, প্রান্তিক উদ্যোক্তা, পদক্ষেপ কর্মচারী-কর্মকর্তা চাহিদা সাপেক্ষে প্রশিক্ষণ পরিকল্পনা করা হয়।